

সুধী পাঠক/পাঠিকা

আমাদের একজন একনিষ্ঠ পাঠক প্রায়ই আমাদের লেখা ও প্রবন্ধ নিয়ে মাঝে মাঝে কিছু মন্তব্য পাঠিয়ে থাকেন। তিনি থাকেন সুদূর টরন্টো, কানাডাতে। কাজ করছেন টরন্টোর একটি কাউন্সিলের লিগ্যাল এ্যাডভাইজার হিসেবে। তড়িৎডাকে তারা পাঠানো মন্তব্য পড়ে ভালো লাগে, আনন্দ পাই, উৎসাহিত হই। মন্তব্যের সাথে তিনি উপরি আরো কিছু ‘বোনাস’ সাথে জুড়ে দেন। অদ্ভুত অদ্ভুত সব ছবি ও জগৎ বিখ্যাত জ্ঞানী ব্যক্তিদের কোটেশন তিনি আমাকে পাঠান। ছাপানোর জন্যে নয়, শুধু দেখার জন্যে। তার পাঠানো তড়িৎডাকের সাথে জুড়ে দেয়া ‘এ্যাটাচমেন্ট’গুলোতে তার শৈল্পিক রুচী, মেধা, রাজনৈতিক প্রজ্ঞা ও মনোনশীলতা প্রকাশ পায়। তিনি আমাদের দু’ একজন নিয়মিত লেখক ও কবি’র লেখা পড়েও উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। কবি জামিল হাসান সুজন, ‘ব্যঙ্গাত্মক-বিদ্রুপাত্ম’ লেখক খন্দকার জাহিদ হাসান, গবেষণামূলক লেখক ডঃ মর্তুজা খালেদ এবং চট্টগ্রামবাসী ব্যঙ্গাত্মক লেখক সৈয়দ মামুনুর রশীদ সম্পর্কে ভূয়সী প্রশংসা করেছেন। তার কাছে আমরা সত্যি যার-পর-নাই কৃতজ্ঞ।

চলতি সপ্তাহ’র বন্ধের দিন তিনি আমাকে ‘তড়িৎ-উপহার’ হিসেবে একগুচ্ছ ছবি পাঠিয়েছেন দেখার জন্যে। দেখলাম, মনে মনে অনেক হাসলাম। পাঠকদের সঙ্গে ভাগাভাগি করে হাসার লোভ আমি সামলাতে পারলাম না। আর সে জন্যেই আমার এই ভূমিকা। যে সকল পাঠক/পাঠিকার বাংলা জ্ঞান, সুক্ষ রসবোধ, রাজনৈতিক ও পরিবেশ সচেতনতা আছে কেবল তারা এ ছবিগুলো দেখলে আনন্দ পাবেন। অন্যরা হয়তবা বেহুদা মনে করে খিস্তি খেউড়ি দেবেন। উক্ত ধারণাটি মাথায় রেখে আমি ডিজিটাল বাংলাদেশের কয়েকটি ডিজিটাল ছবি আপনাদের জন্যে নীচে পরিবেশন করলাম। যেকোন ছবি দেখতে ডিজিটাল নাম্বারগুলোতে টোকা মারুন এবং দেখুন বীর শ্রেষ্ঠ আলেকজান্ডার বাবু এখন বেঁচে থাকলে তিনি ‘সোনার বাংলা’র এই ‘সোনা’দেরকে নিয়ে কী মন্তব্য করতেন। ধন্যবাদ

--- প্রধান সম্পাদক

ছবি # ১ ছবি # ২ ছবি # ৩ ছবি # ৪ ছবি # ৫ ছবি # ৬ ছবি # ৭